যায়যায়দিন

তারিখ ... 25 APR 2009
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮

# দুই সপ্তাহেও নতুন শিক্ষানীতি কমিটি বসতে পারেনি

যাযাদি. ডেস্ক

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ নতুন শিক্ষানীতি প্রণয়ন এবং তা দ্রুত বাস্তবায়নের কথা বললেও শিক্ষানীতি প্রণয়ন কমিটি গঠনের দুই সপ্তাহের মধ্যেও কোনো বৈঠক হয়নি। কবে কমি টির প্রথম বৈঠক হবে তাও জানেন না কমিটির সদস্যরা। খবর বিডিনিউজের।

কমিটির সদস্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষক অধ্যাপক সাদেকা হালিম শুক্রবার জানান, কমিটি গঠনের বিষয়ে একটি চিঠি পেয়েছি। এরপর আর কোনো চিঠি পাইনি। কমিটি কবে বৈঠকে বসবে সে বিষয়েও কোনো চিঠি পাননি বলে তিনি জানান।

প্রথম বৈঠকের ৯০ দিনের মধ্যে প্রতিবেদন দেয়ার কথা কমিটির।

৮ এপ্রিল শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বসতে : পৃষ্ঠা ২ কলাম ৩

## বসতে : শিক্ষানীতি

(প্রথম পৃষ্ঠার পর)

আনুষ্ঠানিকভাবে শিক্ষানীতি প্রণয়ন কমিটি ঘোষণা করেন।

তিনি বলেছিলেন, নতুন শিক্ষানীতির আলোকে মাদ্রাসায় ধর্মীয় শিক্ষার পাশাপাশি আধুনিক পাঠ্যক্রম চালু করা হবে। একইসঙ্গে শিক্ষানীতি প্রণয়নের পর কওমি মাদ্রাসা নিয়ন্ত্রণে আনার বিষয়টি ঠিক করা হবে।

জাতীয় অধ্যাপক কবীর চৌধুরীর নেতৃত্বে নতুন শিক্ষানীতি প্রণয়ন কমিটিতে জনপ্রিয় লেখক ও বিজ্ঞানের শিক্ষক ড. মুহম্মদ জাফর ইকবাল, অর্থনীতি সমিতির নেতা ড. কাজী খলীকুজ্জমান আহমদসহ ১৬ জন সদস্য রয়েছেন।

স্বাধীনতার পর নয়টি শিক্ষা কমিশন গঠন ও নীতি প্রণয়ন করা হলেও কোনোটিই পুরোপুরি বাস্তবায়িত হয়নি। বারবার শিক্ষানীতি করেও তা বাস্তবায়িত না হওয়ার পরিপ্রেক্ষিতে স্থায়ী কমিশন ও নীতি তৈরির পক্ষে মত দিয়েছেন শিক্ষাবিদরা।